



# বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ শমশেরনগর

উপজেলা : কমলগঞ্জ, জেলা : মৌলভীবাজার।

ওয়েব সাইট : [www.bafss.edu.bd](http://www.bafss.edu.bd), ইমেইল: [bafss123@gmail.com](mailto:bafss123@gmail.com)

যোগাযোগ- ০২৯৯৬৬৮৪২৮০, ০১৭৬৯৯০৪৮৬১, ০১৭৬৯৯০৪৮৬২, ০১৭৬৯৯০৪৮৬৩, ০১৭৬৯৯০৪৮৬৪

EIIN: 135720

School Code: 3024

College Code: 2303

## নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখ: ০৭ জুন ২০২৬

১। বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ শমশেরনগর-এ নিম্নবর্ণিত স্থায়ী পদে শিক্ষক ও কর্মচারী নিয়োগের উদ্দেশ্যে যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম ও সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন স্কেল
ক।	(১) প্রদর্শক : কলেজ শাখা (বাংলা ভাষা)- পদার্থবিজ্ঞান-১, রসায়ন-১, জীববিজ্ঞান-১ (সকল পদ এমপিও বহির্ভূত)	১। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি/সমমান। ২। ২য় শ্রেণির মাস্টার্স ডিগ্রি/সমমানের ক্ষেত্রে, শিক্ষা জীবনের অন্য কোন স্তরে একটিমাত্র ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ গ্রহণযোগ্য। ৩। শিক্ষা জীবনে ০১ (এক)টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না।	গ্রেড-১০ ১৬,০০০-৩৮,৬৪০
খ।	(১) সহকারী শিক্ষক : মাধ্যমিক শাখা (বাংলা ভাষা)- বাংলা-১  (২) সহকারী শিক্ষক : প্রাথমিক শাখা (ইংরেজি ভাষা)- সাধারণ-১ (সকল পদ এমপিও বহির্ভূত)	১। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের বাংলা বিষয়ে স্নাতক ডিগ্রি/ সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) / সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান। ২। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ডিগ্রি / সমমান। ৩। ইংরেজি ভাষার জন্য ইংরেজি মাধ্যমে পাঠদানে সক্ষম হতে হবে। ৪। শিক্ষা জীবনে ০১ (এক)টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না।	ক। প্রশিক্ষণপ্রাপ্ত গ্রেড-১০ ১৬,০০০-৩৮,৬৪০ প্রশিক্ষণবিহীন গ্রেড-১১ ১২,৫০০-৩০,২৩০  খ। ইংরেজি ভাষানে পাঠদানের জন্য বিশেষ ভাতা হিসেবে প্রতি মাসে টাকা ২,০০০.০০ প্রদান করা হবে।
গ।	অফিস সুপার-১, হিসাবরক্ষক-১ (সকল পদ এমপিও বহির্ভূত)	১। অফিস সুপার: স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রিধারী হতে হবে এবং কম্পিউটার পরিচালনায় ভালো জ্ঞান থাকতে হবে। ২। হিসাবরক্ষক: স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসায় শিক্ষায় স্নাতক ডিগ্রিধারী হতে হবে এবং কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে। ৩। সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক)টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। ৪। বয়স: অনূর্ধ্ব ৩৫ বছর।	গ্রেড-১২ ১১,৩০০-২৭,৩০০

২। প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী যোগদানের তারিখ হতে বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা, দুটি উৎসব ভাতা, বৈশাখী ভাতা, দুই বছর শিক্ষানবিশকাল শেষে চাকুরী স্থায়ীকরণ সাপেক্ষে ১০% কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি ও স্বাস্থ্যবীমা সুবিধা প্রদান করা হবে।

৩। শিক্ষক পদের জন্য NTRCA নিবন্ধিত ও B.Ed ডিগ্রীধারী প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে। প্রার্থীদের ০৭ জুন ২০২৬ তারিখে বয়স: সর্বোচ্চ ৩৫ বছর। চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪। আবেদনের নিয়মাবলীঃ প্রার্থীকে অনলাইনে আবেদন করতে হবে। এক্ষেত্রে সকল নিয়মাবলী কলেজের ওয়েবসাইট থেকে জানা যাবে। আবেদন করার জন্য ওয়েবসাইটের ঠিকানা : [www.bafss.edu.bd](http://www.bafss.edu.bd)। আবেদনের শেষ তারিখ ২১ জুন ২০২৬। আবেদনের সময় প্রার্থীর রসিদ ছবি, প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতার সনদ ও স্বাক্ষরের স্ক্যান কপি অনলাইনে আপলোড করতে হবে। প্রদর্শক / সহকারী শিক্ষক পদের জন্য টাকা ৫০০.০০ (টাকা পাঁচশত মাত্র) এবং অফিস সুপার ও হিসাবরক্ষক পদের জন্য ৪০০.০০ (টাকা চারশত মাত্র) অনলাইনে পেমেন্ট করতে হবে। বিস্তারিত তথ্য ওয়েবসাইটে দেয়া থাকবে।

৫। লিখিত পরীক্ষা ০৪ জুলাই ২০২৬ তারিখ রোজ শনিবার সকাল ০৯০০ ঘটিকায় বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ কুর্মিটোলা / শমশেরনগর-এ অনুষ্ঠিত হবে। কলেজ ওয়েব সাইটে প্রকাশিত তালিকা অনুযায়ী যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। লিখিত পরীক্ষার জন্য কোন প্রবেশপত্র প্রেরণ করা হবে না।

৬। লিখিত, শ্রেণি পাঠদান / ব্যবহারিক পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোন অথবা সকল আবেদনপত্র বাতিল কিংবা নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

অধ্যক্ষ

বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ শমশেরনগর